Total No. of Printed Pages—8

# 1 SEM TDC BNLN (CBCS) DSC 1 (A/B)

**2022**

( Nov/Dec )

## BENGALI

( Discipline Specific Course )

Paper : DSC–1

*Full Marks* : 80
*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

Paper : DSC–1 (A)

**প্রথম একক**

**( বাংলা ভাষা ও সাহিত্য পরিচয় )**

১। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) চর্যা কথার অর্থ কী ?

(খ) বাংলা ভাষা কোন্ ভাষাবংশ থেকে আগত ?

(গ) নব্যভারতীয় আর্যভাষার সময়কাল কত ?

(ঘ) মধ্যবাংলার কয়টি উপস্তর লক্ষ্য করা যায় ?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) ভারতীয় আর্যভাষার স্তরবিভাগ উল্লেখ করে উদাহরণ দিয়ে লেখো।

(খ) মধ্যবাংলার ও আধুনিক বাংলার দুটো তুলনামূলক বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) প্রাচীন বাংলার রূপতাত্ত্বিক ও ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য এবং তার সাহিত্যিক নিদর্শন উল্লেখ করে ব্যাখ্যা করো।

(খ) বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

দ্বিতীয় একক

( বাংলা শব্দের উৎস ও বিবর্তন )

৪। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'উনিশ' শব্দটির উৎস কী?

(খ) 'লাউ' শব্দটির মূল উৎস বা ব্যুৎপত্তিগত অর্থ কী?

(গ) একটি পর্তুগীজ শব্দের নাম লেখো।

(ঘ) 'রিক্সা' শব্দটি কোন্ ভাষা থেকে আগত?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) কামরূপী উপভাষার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) আগন্তুক বা কৃতঋণ শব্দ উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) তৎসম, অর্ধতৎসম ও তদ্ভব শব্দের সংজ্ঞা নিরূপণ করে উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো।

(খ) বাংলা উপভাষাগুলির অবস্থান উল্লেখ ও শ্রেণিবিভাগ করে রাঢ়ী ও বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

তৃতীয় একক

( ধ্বনি প্রকরণ )

৭। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) গামোছা > গাম্ছা—প্রক্রিয়াটি কী?

(খ) স্কুল > ইস্কুল—কীসের উদাহরণ?

(গ) স্বরসঙ্গতি কত প্রকার?

(ঘ) স্বরাগম কয় প্রকার?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ৪×৪=১৬

(ক) ধ্বনি পরিবর্তনের সূত্রগুলি কত প্রকার ও কী কী?

(খ) স্বরলোপ-এর সংজ্ঞা নিরূপণ করে তার দুটি করে উদাহরণ দাও।

(গ) অভিশ্রুতি-র সংজ্ঞা নিরূপণ করে তার দুটি করে উদাহরণ দাও।

(ঘ) সমীভবন-এর সংজ্ঞা নিরূপণ করে তার দুটি করে উদাহরণ দাও।

(ঙ) অপিনিহিতি-র সংজ্ঞা নিরূপণ করে তার দুটি করে উদাহরণ দাও।

## চতুর্থ একক

### ( প্রাচীন বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় )

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথিটি কোথা থেকে আবিষ্কার হয়?

(খ) 'চর্যাপদ'-এ কতজন পদকর্তার উল্লেখ পাওয়া যায়?

(গ) 'চর্যাপদ'-এ মোট কয়টি পদ পাওয়া গেছে?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথিটি আবিষ্কারের সময় চিরকুটে কী নামের উল্লেখ ছিল?

১০। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) 'চর্যাপদ' কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? এটি কোথায়, কবে এবং কী নামে প্রকাশিত হয়?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির শেষ অধ্যায়টি 'খণ্ড' নামে চিহ্নিত নয় কেন?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) চর্যাগানগুলিতে বাংলাদেশের ও বাঙালির যে ছবি পাওয়া যায় তার পরিচয় দাও।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রাধা চরিত্রটি বিশ্লেষণ করো।





## Paper : DSC–1 (B)

### ( বাংলা পদ্যসাহিত্য ও লোকসংস্কৃতি )

## প্রথম একক

### ( বৈষ্ণব পদাবলী : চৈতন্য সমসাময়িক ও চৈতন্যোত্তর যুগ )

১। এক কথায় উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে?

(গ) 'বৈষ্ণব পদাবলী' কোন্ যুগে রচিত?

(ঘ) বিদ্যাপতির ভাবশিষ্য কে?

(ঙ) গোবিন্দদাস রচিত একটি বৈষ্ণব পদের উদাহরণ দাও।

২। (ক) জ্ঞানদাসকে চণ্ডীদাসের ভাবশিষ্য বলা হয় কেন? চণ্ডীদাস ও জ্ঞানদাসের পদের তুলনামূলক আলোচনা করো। ৮

*অথবা*

(খ) কবি গোবিন্দদাসের সৃষ্টিতে শ্রীকৃষ্ণের চিত্তে পূর্বরাগের যে চিত্র নিপুণভাবে অঙ্কিত হয়েছে তা বর্ণনা করো।

৩। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×২=৮

কবি বিদ্যাপতি, অভিসার, পূর্বরাগ

## দ্বিতীয় একক

## ( মঙ্গলকাব্য )

৪। এক কথায় উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের একজন বণিকের নাম উল্লেখ করো।

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্য কয়টি খণ্ডে বিভক্ত?

(গ) ফুল্লরা কে?

(ঘ) কালকেতুর জীবিকা কী?

(ঙ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে?

৫। সংক্ষেপে উত্তর দাও : ৪×২=৮

(ক) কালকেতু চরিত্রটি বর্ণনা করো।

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের পশুগণের ক্রন্দনের কারণ উল্লেখ করো।

৬। (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের গুরুত্বপূর্ণ চরিত্র 'ফুল্লরা'—আলোচনা করো। ৮

*অথবা*

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে বাঙালির সমাজ-জীবনের যে ছবি পাওয়া যায়, 'আখেটিক খণ্ড'-এর আধারে তা তুলে ধরো।





## তৃতীয় একক

## ( ময়মনসিংহ গীতিকা )

৭। এক কথায় উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'ময়মনসিংহ গীতিকা'গুলো কে সংগ্রহ করেন?

(খ) 'মহুয়া' পালার একটি চরিত্রের নাম লেখো।

(গ) মহুয়ার পালকপিতার নাম কী?

(ঘ) 'দেওয়ান' শব্দের অর্থ কী?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

"গাঁথ গাঁথ সুন্দর কন্যালো ______ মালা।"

৮। (ক) 'ময়মনসিংহ গীতিকা'র বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। ৪

(খ) পালংসই চরিত্রটি বর্ণনা করো। ৪

৯। (ক) 'ময়মনসিংহ গীতিকা'র সাহিত্য-মূল্য বিচার করো ('মহুয়া' ও 'দেওয়ান' পালা অবলম্বনে)। ৮

*অথবা*

(খ) 'মহুয়া' পালাটির মধ্যে মহুয়া ও নদের চাঁদ-এর আত্মত্যাগ এক চিরন্তন প্রেমকে মহিমান্বিত করেছে। আলোচনা করো।

## চতুর্থ একক

## ( বাংলা লোকসংস্কৃতি )

১০। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) লোকসংস্কৃতির কয়টি বিভাগ রয়েছে?

(খ) কোন্ সাহিত্য থেকে মার্জিত বা শিষ্ট সাহিত্য এসেছে?

(গ) বাংলা লোক-উৎসবের একটি নাম উল্লেখ করো।

(ঘ) একটি মেয়েলি ব্রতের নাম উল্লেখ করো।

১১। (ক) পাঁচালী সাহিত্য সম্পর্কে একটি টীকা লেখো। ৪

(খ) বাংলার লোকসংগীতের তাৎপর্য বর্ণনা করো। ৪

১২। (ক) বাংলা সাহিত্যে লোককথার গুরুত্ব ও তাৎপর্য বর্ণনা করো। ৮

*অথবা*

(খ) লোকসাহিত্যের প্রধান শাখা কী কী? লোকসাহিত্যের বিভিন্ন রূপরীতিগুলি উদাহরণসহ আলোচনা করো।

★★★